গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
আযম খান সরকারি কমার্স কলেজ, খুলনা
web site : .akcc.gov.bd

দূরালাপনীঃ ০২৪৭৭-৭২২৬১৮
E-mail: azamkhancollege@yahoo.com
azamkhancollege@gmail.com

তারিখ : ১৫/০৬/২০২৫

## ২০২২-২৩ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে ভর্তির বিজ্ঞপ্তি

**ভর্তির প্রাথমিক আবেদন ফরম www.nu.ac.bd/admissions ওয়েবসাইটে পাওয়া যাবে।**

১। ভর্তির বিষয়: হিসাববিজ্ঞান ও ব্যবস্থাপনা।

২। প্রাথমিক আবেদনের ফিস: ৪০০ (চারশত)টাকা।

৩। অনলাইনে ভর্তি ফরম পূরণ ও এর প্রিন্ট কপি সংগ্রহ : ১৬/০৬/২০২৫ থেকে ০৩/০৭/২০২৫ তারিখ পর্যন্ত।

৪। প্রাথমিক আবেদন ফি অনলাইনে eShiksa এর মাধ্যমে জমা : ১৭/০৬/২০২৫ থেকে ০৭/০৭/২০২৫ তারিখ পর্যন্ত।

৫। আবেদন ফরম কলেজ অফিসে জমা দেওয়ার তারিখ : ১৭/০৬/২০২৫ থেকে ০৭/০৭/২০২৫ তারিখ পর্যন্ত।

৬। আযম খান সরকারি কমার্স কলেজ, খুলনা এর ভর্তির ওয়েব সাইট (https://www.akcc.eshiksabd.com) গিয়ে User Name: akcstudent ও Password: akcstudent দিয়ে Login করতে হবে।

৭। বিকাশ/নগদ/রকেট/সোনালী ই সেবার মাধ্যমে কলেজের মোট ৪০০/-টাকা (চারশত) পরিশোধের পর Payment Slip প্রিন্ট করতে হবে। **টাকা পরিশোধের জন্য শিক্ষার্থীদের রোল নম্বরের স্থানে অবশ্যই প্রাথমিক আবেদনপত্রের রোল নম্বর লিখতে হবে।**

৮। আবেদনের সাধারণ যোগ্যতা ও শর্তাবলী :

ক) এ ভর্তি কার্যক্রমে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৮ থেকে ২০২২ সাল পর্যন্ত তিন বছর মেয়াদী স্নাতক (পাস) নিয়মিত পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম সিজিপিএ ২.২৫ প্রাপ্ত শিক্ষার্থীরা আবেদন করতে পারবে। এছাড়া আবেদনকারীর প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে ভর্তিচ্ছু বিষয়ে সনাতন পদ্ধতিতে ৪০০ নম্বরের মধ্যে ন্যূনতম ৪০% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে পঠিত বিষয়ে ২৪ ক্রেডিটের মধ্যে ন্যূনতম জিপিএ ২.০ পেতে হবে।

খ) জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক (পাস) প্রাইভেট/সার্টিফিকেট কোর্স পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে না।

গ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৮ থেকে ২০২২ সাল পর্যন্ত চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় পাস ডিগ্রী প্রাপ্ত শিক্ষার্থীরা প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে আবেদন করতে পারবে না। তবে এ সকল শিক্ষার্থী সার্টিফিকেট কোর্স পরীক্ষায় অংশগ্রহণ করে ন্যূনতম ৪৫% নম্বর অথবা জিপিএ ২.২৫ পেলে প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে।

ঘ) জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে মাস্টার্স ১ম পর্ব/প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত/প্রাইভেট) পরীক্ষায় উত্তীর্ণ/অধ্যয়নরত অথবা অন্য কোন শিক্ষা কার্যক্রমে বর্তমানে অধ্যয়নরত কোন শিক্ষার্থী ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে আবেদন করতে পারবে না। এ লক্ষ্যে "জাতীয় বিশ্ববিদ্যালয়/যে কোন বিশ্ববিদ্যালয়ের অধীনে অন্য কোন শিক্ষা কার্যক্রমে বর্তমানে আমি ভর্তি/অধ্যয়নরত নই। দ্বৈত ভর্তির ক্ষেত্রে জাতীয় বিশ্ববিদ্যালয়ের বিধান অনুযায়ী উভয় ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল সংক্রান্ত সিদ্ধান্ত আমি মেনে নিতে বাধ্য থাকবো"- মর্মে আবেদনকারীর স্বাক্ষরিত একটি অঙ্গীকারনামা স্ক্যান করে অনলাইন আবেদনে আপলোড করতে হবে। উক্ত শর্ত ভঙ্গ করে কোন শিক্ষার্থী দ্বৈত ভর্তি হলে তার উভয় ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

ঙ) প্রাথমিক আবেদন ফরমে আবেদনকারীর কোন তথ্য/ছবি অসত্য, ভুল বা অসম্পূর্ণ বলে প্রমাণিত হলে ঐ আবেদনকারীর ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

**আবেদন করার প্রক্রিয়া:**

১। আবেদনকারীকে ভর্তি বিষয়ক ওয়েব সাইটের Masters Tab- এ গিয়ে Apply Now (Masters Preli.) অপশনে ক্লিক করতে হবে এবং ওয়েব সাইটে প্রদর্শিত তথ্য ছকে আবেদনকারীর স্নাতক (পাস) পরীক্ষার রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর, পাসের সন, মোবাইল নম্বর ও ই মেইল এ্যাড্রেস সঠিকভাবে এন্ট্রি দিতে হবে। প্রয়োজনীয় অন্যান্য তথ্য সঠিকভাবে পূরণ করে ফরম ডাউনলোড করে প্রিন্ট করতে হবে।

২। প্রিন্ট করা আবেদন ফরমে নির্ধারত স্থানে তারিখসহ স্বাক্ষর করতে হবে। আবেদন ফরমের কলেজের অংশের সাথে স্নাতক (পাস) পরীক্ষার সত্যায়িত নম্বরপত্র, রেজিস্ট্রেশন কার্ডে সত্যায়িত কপি, দ্বৈত ভর্তি সংক্রান্ত অঙ্গীকারনামার কপি এবং পেমেন্ট স্লিপের কপি কলেজ অফিসে জমা দিতে হবে।

প্রতিস্বাক্ষর

১৫/০৬/২৫

অধ্যক্ষ
আযম খান সরকারি কমার্স কলেজ
খুলনা

১৫/০৬/২৫

আহবায়ক
প্রিলিমিনারী টু মাস্টার্স ভর্তি কমিটি-২০২২-২৩

D:\Office\Admission Notice\Master 20-21\N-M.Doc